



সোনালী ব্যাংক লিমিটেড

প্রধান কার্যালয়, ঢাকা।

মানব সম্পদ উন্নয়ন বিভাগ

উদ্ভাবনী ব্যাংকিং এ আপনার বিশৃঙ্খল সঙ্গী

ব্যাংকিং ক্যারিয়ার গঠনের সুবর্ণ সুযোগ

নং-ইঞ্জিনিয়ার/০৪/২০১৫/০১

নিয়োগ বিজ্ঞপ্তি

তথ্য প্রযুক্তির ক্রমবর্ধমান চাহিদার সাথে খাপ খাইয়ে আধুনিক ব্যাংকিং সুবিধা প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত পদে এবং বেতনস্কেলে মেধাবী ও যোগ্যতাসম্পন্ন প্রকৌশলী ও আইটি পার্সোনেল নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

১। এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (আইটি) :

বেতনস্কেল (২০০৯ অনুযায়ী) : ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০/- এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। তবে শিক্ষানবিসকালে মাসিক সর্বসাকুল্যে ১৮,৭০০.০০ টাকা প্রদান করা হবে।

শিক্ষাগত যোগ্যতা :

কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং/ টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজি/ ফলিত পদার্থবিদ্যা বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণীর (সমমানের সিজিপিএ) ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক/ স্নাতক (সম্মান) ডিগ্রী। একাডেমিক পরীক্ষার যে কোন ১টিতে ১ম শ্রেণী/বিভাগ (সমমানের সিজিপিএ) থাকতে হবে। কোন ৩য় শ্রেণী/বিভাগ (সমমানের সিজিপিএ) গ্রহণযোগ্য নয়।

২। এসিস্ট্যান্ট প্রোগ্রামার :

বেতনস্কেল (২০০৯ অনুযায়ী) : ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০/- এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। তবে শিক্ষানবিসকালে মাসিক সর্বসাকুল্যে ১৮,৭০০.০০ টাকা প্রদান করা হবে।

শিক্ষাগত যোগ্যতা :

কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং/ টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজি/ ফলিত পদার্থবিদ্যা বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণীর (সমমানের সিজিপিএ) ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক/ স্নাতক (সম্মান) ডিগ্রী। একাডেমিক পরীক্ষার যে কোন ১টিতে ১ম শ্রেণী/বিভাগ (সমমানের সিজিপিএ) থাকতে হবে। কোন ৩য় শ্রেণী/বিভাগ (সমমানের সিজিপিএ) গ্রহণযোগ্য নয়।

৩। এসিস্ট্যান্ট ডাটাবেস এ্যাডমিনিস্ট্রেটর :

বেতনস্কেল (২০০৯ অনুযায়ী) : ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০/- এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। তবে শিক্ষানবিসকালে মাসিক সর্বসাকুল্যে ১৮,৭০০.০০ টাকা প্রদান করা হবে।

শিক্ষাগত যোগ্যতা :

কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেক্ট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং/ টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন টেকনোলজি/পদার্থবিদ্যা/ ফলিত পদার্থবিদ্যা/ গণিত/ফলিত গণিত/পরিসংখ্যান বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণীর (সমমানের সিজিপিএ) ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক/ স্নাতক (সম্মান) ডিগ্রী। একাডেমিক পরীক্ষার যে কোন ১টিতে ১ম শ্রেণী/বিভাগ (সমমানের সিজিপিএ) থাকতে হবে। কোন ৩য় শ্রেণী/বিভাগ (সমমানের সিজিপিএ) গ্রহণযোগ্য নয়। তবে পদার্থবিদ্যা/ ফলিত পদার্থবিদ্যা/ গণিত/ফলিত গণিত/ পরিসংখ্যান বিষয়ে ডিগ্রীধারীদের ক্ষেত্রে ডাটাবেস এর উপরে প্রশিক্ষণ থাকতে হবে।

৪। এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল, আর্কিটেক্ট ও টেক্সটাইল) :

বেতনস্কেল (২০০৯ অনুযায়ী) : ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০/- এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। তবে শিক্ষানবিসকালে মাসিক সর্বসাকুল্যে ১৮,৭০০.০০ টাকা প্রদান করা হবে।

শিক্ষাগত যোগ্যতা :

কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রকৌশলে (সংশ্লিষ্ট বিষয়ে) ন্যূনতম ২য় শ্রেণীর (সমমানের সিজিপিএ) স্নাতক ডিগ্রী। একাডেমিক পরীক্ষার যে কোন ১টিতে ১ম শ্রেণী/ বিভাগ (সমমানের সিজিপিএ) থাকতে হবে। কোন ৩য় শ্রেণী/ বিভাগ (সমমানের সিজিপিএ) গ্রহণযোগ্য নয়।

৫। সাব-এসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল, ইলেকট্রিক্যাল, মেকানিক্যাল ও আর্কিটেক্ট) :

বেতনস্কেল (২০০৯ অনুযায়ী) : ৮০০০-৪৫০×৭-১১১৫০-ইবি-৪৯০×১১-১৬৫৪০/- এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। তবে শিক্ষানবিসকালে মাসিক সর্বসাকুল্যে ১৪,১০০.০০ টাকা প্রদান করা হবে।

শিক্ষাগত যোগ্যতা :

কোন স্বীকৃত ইনস্টিটিউট হতে ৩(তিন)/৪(চার) বৎসর মেয়াদী প্রকৌশলে (সংশ্লিষ্ট বিষয়ে) ন্যূনতম ২য় বিভাগের (সমমানের সিজিপিএ) ডিপ্লোমা। কোন ৩য় বিভাগ (সমমানের সিজিপিএ) গ্রহণযোগ্য নয়।

৬। সিনিয়র অফিসার (আইটি) :

বেতনস্কেল (২০০৯ অনুযায়ী) : ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০/- এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। তবে শিক্ষানবিসকালে মাসিক সর্বসাকুল্যে ১৮,৭০০.০০ টাকা প্রদান করা হবে।

শিক্ষাগত যোগ্যতা :

(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণীর (সমমানের সিজিপিএ) ৪ বছর মেয়াদী স্নাতক /স্নাতক (সম্মান) ডিগ্রী বা স্নাতকোত্তর ডিগ্রী। একাডেমিক পরীক্ষার যে কোন ১টিতে ১ম শ্রেণী/ বিভাগ (সমমানের সিজিপিএ) থাকতে হবে। কোন ৩য় শ্রেণী/বিভাগ (সমমানের সিজিপিএ) গ্রহণযোগ্য নয়।

(খ) কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রীধারী ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে কোন স্বীকৃত (সরকার অনুমোদিত) প্রতিষ্ঠান হতে মাইক্রোসফট অফিস এ্যাপ্লিকেশন, ই-মেইল ও ইন্টারনেট বিষয়ে ৬ (ছয়) মাস মেয়াদী প্রশিক্ষণ থাকতে হবে।



৭। অফিসার (আইটি) :

বেতনস্কেল (২০০৯ অনুযায়ী) : ৮০০০-৪৫০০x৭-১১১৫০-ইবি-৪৯০x১১-১৬৫৪০/- এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা। তবে শিক্ষানবিসকালে মাসিক সর্বসাকুল্যে ১৪,১০০.০০ টাকা প্রদান করা হবে।

শিক্ষাগত যোগ্যতা :

(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণীর (সমমানের সিজিপিএ) ৪ বছর মেয়াদী স্নাতক অথবা ৩/৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর ডিগ্রী। কোন ৩য় শ্রেণী/বিভাগ (সমমানের সিজিপিএ) গ্রহণযোগ্য নয়।

(খ) কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রীধারী ব্যতীত অন্যান্যদের ক্ষেত্রে কোন স্বীকৃত (সরকার অনুমোদিত) প্রতিষ্ঠান হতে মাইক্রোসফট অফিস এ্যাপ্লিকেশন, ই-মেইল ও ইন্টারনেট বিষয়ে ৬ (ছয়) মাস মেয়াদী প্রশিক্ষণ থাকতে হবে।

৮। বয়স : আবেদনের শেষ তারিখ ১৩/০৬/২০১৫ অনুযায়ী:

(ক) মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থী ছাড়া অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়সের উর্ধ্বসীমা ৩০ বছর।

(খ) মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়সের উর্ধ্বসীমা ৩২ বছর।

(গ) এই ব্যাংকে কর্মরত বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে ৩৫ বছর।

বিহীনঃ গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং শিম/শাঃ১১/৫-১ (অংশ)/৫৮২ ও শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম, ২য় ও ৩য় বিভাগ/শ্রেণী নিম্নোক্তভাবে নির্ধারিত হবেঃ

(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

(২) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ থেকে ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ
জিপিএ ১.০০ থেকে ২.০০ এর কম	তৃতীয় বিভাগ

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণী/বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	৫.০০ পয়েন্ট স্কেলে	
৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম
২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয়
১.৬৫ বা তদূর্ধ্ব কিন্তু ২.২৫ এর কম	২.০৬৩ বা তদূর্ধ্ব কিন্তু ২.৮১৩ এর কম	তৃতীয়

৯। আবেদন করার পদ্ধতি ও অন্যান্য নির্দেশাবলী :

(ক) অগ্রহী প্রার্থীদেরকে আগামী ১৪-০৫-২০১৫ তারিখ থেকে ১৩-০৬-২০১৫ তারিখের মধ্যে শুধুমাত্র এই ব্যাংকের ওয়েবসাইট (<http://www.sonalibank.com.bd>)- এ প্রদত্ত Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করতে হবে। ফরম পূরণের নির্দেশিকা (এই ব্যাংকের ওয়েব সাইটে দেওয়া আছে) মোতাবেক যথাযথভাবে ফরম পূরণ করতে হবে।

(খ) Online Application Form যথাযথভাবে পূরণের পর প্রার্থীর ছবি, স্বাক্ষর এবং বায়োডাটা সংবলিত প্রাপ্ত হার্ড কপি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ব্যাংকে প্রয়োজনীয় কাগজপত্র দাখিলের সময় তা সংযুক্ত করতে হবে।

(গ) প্রবেশপত্র ওয়েব সাইটে দেওয়ার বিষয়টি পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে জানিয়ে দেয়া হবে। প্রার্থী তার User ID ও Password ব্যবহার করে প্রবেশপত্র প্রিন্ট করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলেও পুনরায় একই প্রক্রিয়ায় প্রবেশপত্র সংগ্রহ করতে পারবেন।

(ঘ) লিখিত ও মৌখিক পরীক্ষার নোটিশ পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে এবং ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

(ঙ) প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোন কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে অনলাইন আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্রাদি গ্রহণ করা হবে। দাখিলকৃত কাগজপত্রাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। মৌখিক পরীক্ষার সময় অনলাইন আবেদনে প্রদত্ত তথ্যের গরমিল পরিলক্ষিত হলে প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

(চ) চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগ কর্তৃপক্ষের লিখিত অনুমতি গ্রহণ সাপেক্ষে অনলাইনে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ৯(ঙ) ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক তাদের আবেদনের সমর্থনে কাগজপত্র পাঠানোর সময় উক্ত অনুমতিপত্রের সত্যায়িত কপি সহ তাদের স্ব-স্ব নিয়োগ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

অন্যান্য শর্তাবলী :

নিয়োগের ক্ষেত্রে সরকারি কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। একজন প্রার্থী কেবলমাত্র একটি পদের জন্য আবেদন করতে পারবেন। যে কোন পদের জন্য একাধিক আবেদন করলে সকল আবেদন বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট পদের জন্য ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার ফলাফল ১৩-০৬-২০১৫ তারিখের মধ্যে প্রকাশিত হলে কেবলমাত্র তারাই আবেদন করতে পারবেন। উক্ত তারিখের মধ্যে ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ইস্যু না হয়ে থাকলে ফলাফল প্রকাশের তারিখ সম্বলিত ট্রান্সক্রিপ্ট অথবা পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর হতে ফলাফল প্রকাশের তারিখ সম্বলিত প্রত্যয়ন পত্র পরবর্তীতে উপরিউক্ত ৯(ঙ) মোতাবেক অন্যান্য কাগজপত্রের সাথে দাখিল করতে হবে। পরীক্ষার উদ্দেশ্যে যাতায়াতের জন্য ব্যাংক কর্তৃপক্ষ কোন প্রকার খরচ বহন করবে না। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদনপত্র বাতিল করার কিংবা নিয়োগ কার্যক্রম পরিবর্তন, সংশোধন ও বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

আবেদনের শেষ তারিখ : ১৩/০৬/২০১৫।

মোহাম্মদ আশরাফ উল্লাহ
ডেপুটি জেনারেল ম্যানেজার
মানব সম্পদ উন্নয়ন বিভাগ

